



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা-১৩৪২

স্নাতকোত্তর (নিয়মিত) শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউটের স্নাতক (সম্মান) শ্রেণীর চূড়ান্ত পর্বের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী/সম্পন্নকারী শিক্ষার্থীদেরকে স্নাতকোত্তর শ্রেণিতে সাময়িকভাবে/স্থায়ীভাবে ভর্তি প্রক্রিয়া অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলীঃ

নিম্নে উল্লিখিত পদ্ধতি অনুসরণপূর্বক অনলাইন আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

- masters.ju-admission.org ওয়েবসাইটে প্রবেশ করে Honours Registration Number এবং আপনার নিজস্ব মোবাইল নম্বর দিয়ে নিবন্ধন (Registration) এবং লগইন করে Apply for Admission মেনুতে ক্লিক করতে হবে।
- এরপর নগদ অথবা DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে নির্ধারিত ভর্তি ফি প্রদান করতে হবে।
- যথাযথভাবে ভর্তি ফি প্রদান করলে ভর্তির জন্য অনলাইন আবেদন ফর্মটি আসবে এবং প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- এরপর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আপনার আবেদনটি যাচাই করবে এবং যাচাই সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইলে যথাসময়ে ভর্তি নিশ্চয়ন এসএমএস পাঠানো হবে। এছাড়া আবেদনকারী ওয়েবসাইটে লগইন করেও তার আবেদনের বর্তমান অবস্থা জানতে পারবে।
- ভর্তি নিশ্চয়ন হবার পর পুনরায় লগইন করে আপনার ভর্তি রশিদ প্রিন্ট করে সংরক্ষণ করুন।

সতর্কতাঃ একই মোবাইল নম্বর ব্যবহার করে একাধিক আবেদন করা যাবে না। **উল্লেখ্য যে, একই রকেট/নগদ একাউন্ট থেকে একাধিক ভর্তি ফি পরিশোধ করা যাবে।**

বিভিন্ন বিভাগ/ ইনস্টিটিউটের ভর্তির ফি নিম্নরূপ (সার্ভিস চার্জ ব্যতীত):

অনুষদভূক্ত বিভাগসমূহ/ইনস্টিটিউট	ভর্তি ফি	পোষ্য কোটায় ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য ভর্তি ফি	
		শিক্ষক/কর্মকর্তার পোষ্য ও কর্মচারীর ভাই-বোন-এর ক্ষেত্রে	কর্মচারীর সন্তান-এর ক্ষেত্রে
গাণিতিক ও পদার্থবিষয়ক, জীববিজ্ঞান এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)	৪৬২ টাকা	৩৬৭ টাকা	১৮৭ টাকা
সমাজবিজ্ঞান (নৃবিজ্ঞান এবং সরকার ও রাজনীতি বিভাগ ব্যতীত), বিজনেস স্টাডিজ এবং ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ), আইন অনুষদ, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ।	৪২১ টাকা	৩২৬ টাকা	১৮২ টাকা
কলা ও মানবিকী (নাটক ও নাট্যতত্ত্ব এবং চারুকলা বিভাগ ব্যতীত) এবং বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট, নৃবিজ্ঞান বিভাগ এবং সরকার ও রাজনীতি বিভাগ।	৩৯৬ টাকা	৩০১ টাকা	১৫৭ টাকা

রকেট -এর মাধ্যমে ভর্তি ফি প্রদানঃ

আবেদনকারীর নিজের ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট থেকে অথবা এজেন্টের রকেট একাউন্ট থেকে ওয়েবসাইটে উল্লিখিত পরিমাণ টাকা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের **3240 নম্বর Biller ID**- তে জমা দিতে হবে।

DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে ভর্তি ফি জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ

- ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য *322# ডায়াল করতে হবে।
- Bill Pay** নির্বাচন করতে হবে।
- অতঃপর নিজের পেমেন্ট হলে **1. Self** অথবা অন্য কারো জন্য পেমেন্ট করলে **2. Other** নির্বাচন করতে হবে। **2. Other** নির্বাচন করলে যার জন্য পেমেন্ট করা হচ্ছে তার মোবাইল নম্বর দিতে হবে।
- তারপর **0. Other** নির্বাচন করতে হবে। এরপর **Biller ID** হিসেবে **3240** টাইপ করতে হবে।
- এরপর **Bill Number** হিসাবে আপনার Honours Registration Number টি টাইপ করুন।
- Amount** হিসেবে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট-এর জন্য নির্ধারিত ভর্তি ফি টাইপ করতে হবে।
- এবার DBBL মোবাইল ব্যাংকিং রকেট **PIN** টাইপ করতে হবে।

পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি **SMS**-এর মাধ্যমে একটি **Transaction ID (Txnid)** আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে যা পরবর্তী কার্যক্রমের জন্য প্রয়োজন হবে।

নগদ-এর মাধ্যমে ভর্তি ফি প্রদানঃ

নগদ-এর মাধ্যমে ভর্তি ফি জমাদানের জন্য আবেদনকারীর নগদ একাউন্ট থেকে ওয়েবসাইটে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির জন্য উল্লিখিত পরিমাণ ফি masters.ju-admission.org এ লগইন করে পেমেন্ট করতে হবে।

নগদ-এর মাধ্যমে ভর্তি ফি জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ

- I. masters.ju-admission.org ওয়েবসাইটে **Honours Registration Number** এবং মোবাইল নম্বর দিয়ে নিবন্ধনের পর লগইন করে **Apply for Admission** মেনুতে ক্লিক করুন।
- II. স্ক্রিনে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট- এর জন্য নির্ধারিত ভর্তি ফি'র পরিমাণ দেখাবে। এরপর ঐ স্ক্রিনে নগদ পেমেন্ট বাটনে ক্লিক করুন।
- III. এরপর নগদ একাউন্টের নম্বর দিন এবং শর্তাবলিতে সম্মতি দিয়ে পরবর্তী ধাপে যান।
- IV. নগদ আপনার একাউন্ট নম্বরে **sms**-এর মাধ্যমে একটি ভেরিফিকেশন কোড পাঠাবে। কোডটি পেমেন্ট স্ক্রিনে দিয়ে পরবর্তী ধাপে যান।
- V. এরপর আপনার নগদ একাউন্টের পিন (**PIN**) দিন এবং পেমেন্ট সম্পন্ন করুন। পেমেন্ট সফল হলে সাথে সাথেই আপনি একটি কনফার্মেশন **sms** পাবেন এবং ভর্তির জন্য আবেদন ফর্ম দেখতে পাবেন।

ভর্তির ক্ষেত্রে প্রয়োজন:

(ক) আবেদনকারীর প্রয়োজনীয় তথ্য প্রদান:

(যেমনঃ এসএসসি ও এইচএসসি'র বোর্ড, প্রতিষ্ঠানের নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শাখা, পাশের সন এবং জিপিএ ইত্যাদি)।

(খ) যেসব সনদপত্র আপলোড করতে হবে

১. এস.এস.সি, এইচ.এস.সি পরীক্ষার মূল সনদপত্র ও স্নাতক পরীক্ষার নম্বরপত্রের অনুলিপি।
২. পাসপোর্ট আকারের রঙিন ছবি (৩০০ X ৩০০ পিক্সেল এবং ফাইল সাইজ ১০০ কিলোবাইটের বেশি নয়)।

স্বাক্ষর/-মো. আবু হাসান
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)